

# ঘরে কিভাবে আগুন থেকে নিরাপদে থাকবেন সেবিষয়ে নির্দেশনা



Bengali

## অগ্নিকান্ড প্রতিরোধ করা

কিভাবে আপনার ঘরে আগুন লাগা বন্ধ করবেন:

- যদি মনে হয় আপনি ঘুমিয়ে পড়তে পারেন তাহলে কখনই চেয়ারে বসে ধূমপান করবেন না, কখনও বিছানায় ধূমপান করবেন না।
- জ্বলন্ত সিগারেট, পাইপ অথবা মোমবাতি যেখানে সেখানে ফেলে রাখবেন না।
- এমন এ্যাশট্রে ব্যবহার করুন যেটি গভীর, যাতে সিগারেট বেরিয়ে আসতে না পারে, কখনও গরম ছাই ওয়েস্ট পেপার বাক্সে ফেলবেন না।
- ম্যাচ ও লাইটার বাচ্চাদের আওতার বাইরে রাখুন।
- হীটার থেকে কমপক্ষে তিন ফিট দূরে বসুন। কখনও কাপড়চোপড় অথবা আসবাবপত্রের কাছে হীটার রাখবেন না।
- বৈদ্যুতিক সকেটে খুব বেশী প্লাগ লাগাবেন না।

### মনে রাখবেন

কখনও বিছানায় ধূমপান করবেন না।

দেয়াশলাই নিরাপদে রাখুন।

কখনও আগুনের খুব কাছে বসবেন না।

বৈদ্যুতিক সকেটে খুব বেশী প্লাগ লাগাবেন না।

কিভাবে ঘরে অগ্নিকান্ডের ফলে ক্ষতিসাধন ও আহত হওয়া এড়াবেন:

- শ্মোক এ্যালার্ম ফিট করুন, এটি আপনাকে ও অন্যদের নিরাপদে বেরিয়ে যেতে অতিরিক্ত সময় দেয়।
- শ্মোক এ্যালার্ম সস্তা এবং লাগানো সহজ। ভাল মানসম্মত এ্যালার্ম কিনুন এবং কেনার সময় দেখে নিন যেন এটি ব্রিটিশ স্ট্যান্ডার্ড অথবা সমমানের আন্তর্জাতিক মানের হয়ে থাকে। ডিআইওয়াই (DIY) এবং হার্ডওয়্যার শপে এগুলি কিনতে পাওয়া যায়।
- এ্যালার্ম লাগাতে সমস্যা হলে স্থানীয় স্বেচ্ছাসেবী সংস্থা বা ফায়ার ব্রিগেড আপনার বাসায় এ্যালার্ম ফিট করে দিতে পারে।
- যাদের কানে শুনতে সমস্যা আছে তাদের জন্য এমন কিছু শ্মোক এ্যালার্ম আছে যেগুলি কম্পমান প্যাড অথবা উজ্জ্বল আলো সৃষ্টি করে। বধির ও অন্ধদের জন্য কম্পমান প্যাড বিশেষভাবে উপযুক্ত।

### মনে রাখবেন

শ্মোক এ্যালার্ম লাগান।

এটি অনুমোদিত মানের কিনা সেটি পরীক্ষা করে দেখুন।

## ঘুমাতে যাবার সময় রুটিন

ঘুমাতে যাবার আগে:

- চুলা ও হীটার বন্ধ করুন।
- খোলা আগুন নিভিয়ে ফেলুন এবং জায়গামত আগুন প্রতিরোধের জিনিস রাখুন।
- ভিডিও বা ফ্রিজের মত সরঞ্জাম ছাড়া অন্যান্য সব বৈদ্যুতিক সরঞ্জাম অফ করুন এবং প্লাগ খুলে ফেলুন।
- সময়মত যেন ফোন ব্যবহার করতে পারেন সেটি নিশ্চিত করুন।
- এ্যাশট্রে পরিষ্কার করুন, এর ভেতরে জিনিস যেন ঠান্ডা থাকে সেটি নিশ্চিত করুন।
- সব দরজা বন্ধ করুন কারণ এতে আগুন ছড়িয়ে পড়তে পারে না।
- যখন বিছানায় যাবেন তখন সবসময় আন্ডারব্লাঙ্কেট অফ করুন এবং কখনই বৈদ্যুতিক ব্লাঙ্কেট ও গরম পানির বোতল একসাথে ব্যবহার করবেন না।
- আপনার বৈদ্যুতিক ব্লাঙ্কেটটি প্রতি তিন বছরে অন্ততঃপক্ষে একবার একজন অভিজ্ঞ লোককে দিয়ে পরীক্ষা করান।

### মনে রাখবেন

বিছানায় শুতে যাবার আগে সবকিছু নিরাপদ আছে কিনা পরীক্ষা করে দেখুন।

বিছানায় শোয়ার পরে বৈদ্যুতিক ব্লাঙ্কেট অফ করে দিন।

বৈদ্যুতিক ব্লাঙ্কেট নিয়মিত পরীক্ষা করাবেন।

## রাশ্মাঘরের নিরাপত্তা

### কিভাবে রাশ্মাঘরে আগুন লাগা বন্ধ করবেন:

- প্যানে কখনও পাত্রের তিন ভাগের এক ভাগের বেশী চর্বি অথবা তেল ঢালবেন না।
- আগুন জ্বলানো অবস্থাতে কখনও প্যান ফেলে অন্য কোথাও যাবেন না।
- গরম তেলে ঢালার আগে খাবার শুকিয়ে নিবেন - ভেজা খাবারে বুদ্ধ (বুড়বুড়ি) ওঠে এবং এর ফলে তেল প্যান উপচিয়ে বাইরে পড়তে পারে।

### যদি প্যানে আগুন লাগে:

- এটি সরাবেন না অথবা এর উপরে পানি ঢালবেন না।
- যদি নিরাপদ হয় তাহলে চুলার আগুন কমিয়ে দিবেন।
- যদি সন্দেহ থাকে তাহলে ঘর ছেড়ে বেরিয়ে যান, দরজা বন্ধ করুন, অন্য সবাইকে চিৎকার করে সতর্ক করুন এবং ফায়ার ব্রিগেডকে ডাকুন।

### মনে রাখবেন

প্যান এবং ডিপ ফ্যাট ফ্রায়ার কখনই পুরোপুরি পূর্ণ করবেন না

যদি তেলে আগুন ধরে - তাহলে চুলার আগুন বন্ধ করে দিন।

## আগুন থেকে আত্মরক্ষা

### আপনার পালানোর পথের পরিকল্পনা করা:

- বের হবার জন্য আপনি অল্প সময় হাতে পাবেন, আর তাই আগুন ধরার জন্য অপেক্ষা না করে আগে থেকেই আপনার পালানোর পথের পরিকল্পনা করে রাখুন।
- বের হবার চলতি পথ বন্ধ থাকতে পারে তাই অন্য কোন পথের কথা ভাবুন।
- পালানোর পথকে সবসময় বাধামুক্ত রাখবেন।
- দরজা ও জানালার চাবি কোথায় থাকে সেটি ঘরের সবাইকে বলুন।
- মূল্যবান দলিল ও কাগজপত্র একটি ধাতুর তৈরী আগুন প্রতিরোধী বাক্সের ভেতরে রাখুন।

### আগুন থেকে পালানো:

- আপনি যখন ভাবছেন যে আগুন লাগবে না অনেকসময় ঠিক তখনই আগুন লাগতে পারে, অনেকসময় রাতের বেলায় আগুন ধরে থাকে।
- আপনি ঘুমন্ত অবস্থায় যদি স্মোক এ্যালার্ম বাজে তাহলে সেটি তদন্ত করতে যাবেন না। চিৎকার করে সবাইকে ঘুম থেকে তুলুন এবং যত তাড়াতাড়ি সম্ভব তাদেরকে ঘরের থেকে বের করুন। কখনই ভাববেন না যে বিনা কারণে এ্যালার্ম বেজেছে।
- যদি হাতে সময় থাকে তাহলে 999 নাম্বারে ডায়াল করুন।
- হাতের উল্টো পিঠ দিয়ে দরজাগুলি পরীক্ষা করে দেখুন। যদি এগুলি গরম হয় তাহলে খুলবেন না কারণ এর মানে হল অন্য দিকে আগুন জ্বলছে।

- আগুনের ধোঁয়ায় মানুষ মারা যেতে পারে। যদি খুব বেশী ধোঁয়া হয় তাহলে যতটা সম্ভব ঘরের মেঝের কাছাকাছি নিচু হয়ে নিশ্বাস নিন কারণ নিচের বাতাস অপেক্ষাকৃত পরিষ্কার থাকে।
- তাড়াহুড়ো করবেন না, নিজেই অবিচল রাখুন এবং যত তাড়াতাড়ি সম্ভব অন্য সবাইকে ঘরের থেকে বের করুন।
- দামী কিছু তুলে নেবার জন্য থামবেন না।
- যদি আপনার পালানোর পথ আগুনের কারণে বন্ধ থাকে তাহলে ফায়ার ব্রিগেড (দমকল বাহিনী) না আসা পর্যন্ত অপেক্ষা করা নিরাপদ হতে পারে। দরজা বন্ধ করুন এবং কোন ফাকা জায়গা দিয়ে যেন ধোঁয়া ঢুকতে না পারে সেজন্য ভেজা তোয়ালে অথবা কাপড় ব্যবহার করুন। জানালার কাছে যান, সাহায্যের জন্য চিৎকার করুন এবং উদ্ধারের জন্য অপেক্ষা করুন।

### মনে রাখবেন

পালানোর পথের পরিকল্পনা করুন।

জানালার তালার চাবি জানালার পাশেই রাখুন।

যত তাড়াতাড়ি সম্ভব সবাইকে ঘর থেকে বের করুন।

999 নাম্বারে ডায়াল করুন।

ধোঁয়ার নিচে হামাগুড়ি দিয়ে চলাচল করুন।

যদি আগুনে আটকা পড়েন তাহলে দরজার চারপাশের ফাঁকা জায়গা বন্ধ করুন।

## ফ্ল্যাট ও মেইজোনেটে আগুন লাগলে কিভাবে আত্মরক্ষা করবেন

আপনি যদি ফ্ল্যাট অথবা মেইজোনেটে থাকেন তাহলে দয়া করে এইটুকু অতিরিক্ত পরামর্শ মেনে চলুন:

- ফ্ল্যাট ও মেইজোনেট আপনাকে আগুন থেকে কিছু সুরক্ষা দেবার জন্য উপযুক্ত করে তৈরী করা হয়েছে। দেয়াল, মেঝে এবং দরজা কিছু সময়ের জন্য আগুন ও ধোঁয়া প্রতিরোধ করবে। যদি ভবনের অন্য কোন জায়গাতে আগুন লাগে তাহলে যতক্ষণ পর্যন্ত তাপ অথবা ধোঁয়া আপনার সমস্যা না করছে সাধারণতঃ ততক্ষণ পর্যন্ত আপনি আপনার ফ্ল্যাটে নিরাপদে থাকবেন।
- যদি আপনার ফ্ল্যাটে আগুন ধরে তাহলে আপনার ফ্ল্যাটের দরজা বন্ধ করে ভবন ছেড়ে চলে যান।

- যদি খুব বেশী ধোঁয়া থাকে তাহলে মেঝের উপরে হামাগুড়ি দিয়ে চলাফেরা করুন, কারণ নিচের বাতাস অপেক্ষাকৃত পরিষ্কার থাকে।
- যদি আপনি এমন ভবনে বাস করেন যেখানে লিফট আছে তাহলে আগুন লাগলে এটি ব্যবহার করবেন না, বরং সিঁড়ি দিয়ে নিচে নামুন।
- যেকোন ফোন থেকে 999 নাম্বারে ফোন করুন। তাদেরকে ঠিকানা জানান, আপনার ফ্ল্যাটের নাম্বার দিন এবং কোন ফ্লোরে আগুন ধরেছে সেটি বলুন।

### মনে রাখবেন

কমিউনাল সিঁড়িপথ কখনই দাহ্য পদার্থ বা সরঞ্জাম, যেমন প্র্যাম, বাইসাইকেল রাখবেন না।

ঘরের আর্জনা, যেমন বর্জ্য উপকরণ সাথে সাথে উপযুক্ত এলাকায় ফেলে আসবেন এবং কখনই সেগুলি কমিউনাল এলাকাতে জমা রাখবেন না।

আগ্নিকাণ্ড থেকে নিরাপদে থাকার জন্য সকলেই বিজয়ী হতে পারে।

**KEEP YOUR COMMUNITY SAFE & SOUND**

আপনার কমিউনিটিকে নিরাপদ ও অটুট রাখুন।

[www.london-fire.gov.uk](http://www.london-fire.gov.uk)